
# খাদ্য পরিষেবা দেওয়ার সংস্থাগুলিতে
# কীটপতঙ্গ নিরোধের
# সেরা পন্থা



NYC Health

# সূচিপত্র


ধেড়ে ইঁদুর ও অন্যান্য কীটপতঙ্গের জন্য সক্রিয় ব্যবস্থা নিন ........ 1

পর্যবেক্ষণ ও প্রতিরোধ ........ 1

ধেড়ে ইঁদুর রোধের চেকলিস্ট ........ 3

কীটপতঙ্গ নাশ করুন! ........ 4

কীটপতঙ্গ না খাইয়ে মারুন! ........ 5

কীটপতঙ্গের প্রবেশপথ বন্ধ করা! ........ 7

এলাকা অনুসারে কীটপতঙ্গ দমন ........ 10

নির্ধারিত ব্যবস্থাপনা ........ 14


এই নির্দেশিকার একত্রিত কীটপতঙ্গ ব্যবস্থাপনা (integrated pest management, IPM) কৌশলগুলো আপনাকে আপনার খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানকে (food service establishment, FSE) ধেড়ে ইঁদুর এবং অন্যান্য কীটপতঙ্গ নিয়ন্ত্রণ করতে সহায়তা করতে পারে।

আরো তথ্যের জন্য, **nyc.gov/health** এ যান এবং **operating a restaurant (রেস্তোরাঁ চালানোর বিষয়ে)** অনুসন্ধান করুন।



# ধেড়ে ইঁদুর ও অন্যান্য কীটপতঙ্গের জন্য সক্রিয় ব্যবস্থা নিন

নিউইয়র্ক শহরে ধেড়ে ইঁদুর ও অন্যান্য কীটপতঙ্গের সমস্যা হল প্রচলিত সমস্যা। বিশেষ করে খাদ্য পরিষেবার প্রতিষ্ঠানগুলো (FSEs) ধেড়ে ইঁদুর এবং অন্যান্য কীটপতঙ্গের সমস্যা থেকে অসুরক্ষিত কারণ সেগুলো হল খাদ্য, আশ্রয় এবং উষ্ণতার নিরবিচ্ছিন্ন উৎস।

আপনার FSE-কে ধেড়ে ইঁদুর এবং অন্যান্য কীটপতঙ্গদের ডেকে বাসা বানাতে দেবেন না। FSEs একত্রিত কীটপতঙ্গ ব্যবস্থাপনা (IPM) নামক একটি পদ্ধতি ব্যবহারের মাধ্যমে ধেড়ে ইঁদুর এবং অন্যান্য কীটপতঙ্গের সমস্যা নিয়ন্ত্রণ করতে পারেন। IPM আপনাকে যেখানে ধেড়ে ইঁদুর এবং অন্যান্য কীটপতঙ্গ থাকতে পারে তা পর্যবেক্ষণ করতে সহায়তা করে, তাদের প্রতিরোধ করতে ব্যবস্থা নেয় এবং তাদের নিয়ন্ত্রণের জন্য নির্ধারিত ব্যবস্থার পদ্ধতিগুলো ব্যবহার করে।



এই নির্দেশিকার কলাকৌশল ও কীটপতঙ্গ দমনের অনুশীলন আপনাকে কীটপতঙ্গ মুক্ত পরিবেশ বজায় রাখতে IPM কৌশলগুলো প্রয়োগ করতে সহায়তা করবে।

# পর্যবেক্ষণ ও প্রতিরোধ


করাল ও অন্যান্য কীটপতঙ্গ সনাক্ত ও মুক্ত করার ক্ষেত্রে নিয়মিত পর্যবেক্ষণ ও চলমান প্রতিরোধ হল ফুড সার্ভিস অপারেটরের প্রথম প্রতিরক্ষা। কীটপতঙ্গ পর্যবেক্ষণের ভালো পরিকল্পনা থাকলে তা FSE কর্মীকে যেকোন করাল বা অন্যান্য কীটপতঙ্গ সমস্যা শুরুর থেকে এগিয়ে রাখে। এছাড়া এটা FSE এবং চুক্তিবদ্ধ কীটপতঙ্গ ব্যবস্থাপনা পেশাদারদের মধ্যে ভালো যোগাযোগে উৎসাহ দেয়। পর্যবেক্ষণের যন্ত্রসমূহ, সেগুলোর অবস্থান এবং দৈনিক চেকলিস্ট একটি লিখিত বর্ণনা থাকলে তা কর্মীদেরকে সমস্যাগ্রস্ত এলাকাগুলো সনাক্ত করতে এবং করাল ও অন্যান্য কীটপতঙ্গ ডেকে আনে এমন অবস্থার বিষয়ে জানাতে সহায়তা করবে।

**খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানগুলো কি আঠালো ফাঁদ ব্যবহার করতে পারে?**
হ্যাঁ – কেবলমাত্র IPM প্রকল্পের অংশ হিসেবে। FSEs-তে ধেড়ে ইঁদুর উপদ্রব হয়েছে কিনা তা নির্ধারণ করার ক্ষেত্রে প্রতিষ্ঠানগুলো পর্যবেক্ষণের সরঞ্জাম হিসেবে আঠালো ফাঁদ বা স্টেশন ব্যবহার করতে পারে। এইসব ফাঁদে একটি বা দুটি ধেড়ে ইঁদুর আটক হলে যত শীঘ্র সম্ভব সেগুলোকে খুলে দিন।


## সক্রিয় ধেড়ে ইঁদুরের লক্ষণগুলো সনাক্ত করুন

FSEs যে সমস্ত সমস্যার সম্মুখীন হয় তার মধ্যে একটি হল ধেড়ে ইঁদুরের সমস্যা। ধেড়ে ইঁদুরের লক্ষণ খোঁজার সময়, FSE এর পুঙ্খানুপুঙ্খ পরিদর্শনের মাধ্যমে শুরু করুন এবং উপযোগী জিনিসপত্র ঢোকানোর স্থান সহ এক চতুর্থাংশ ইঞ্চির বেশি খোলা জায়গা আছে কিনা তা খুঁজুন। আপনি উপরের কোন একটি দেখতে পেলে অবিলম্বে আপনার কীটপতঙ্গ দমন কোম্পানিকে জানান কারণ এটি ধেড়ে ইঁদুর সমস্যার সক্রিয় লক্ষণ হতে পারে:


- ধেড়ে ইঁদুরের মল বা প্রস্রাব
- ঘষা দাগ বা ছাপ (বেসবোর্ড এবং খোলার স্থানে গাঢ়, পিচ্ছিল লেপন।)
- পথ (যে পথ ধেড়ে ইঁদুর ব্যবহার করে, দেওয়াল এবং বেসবোর্ডে ছাপ রেখে যায়।)
- গর্ত (যেসব সুড়ঙ্গে ইঁদুর বাস করে, ময়লা বা কংক্রিটে 1-4 ইঞ্চি চওড়া গর্ত প্রায়ই দেখা যায়)
- কামড়ানোর দাগ
- FSE দেওয়ালে গর্ত
- FSE এর সামনের ফুটপাতের গর্ত




**নরওয়ে র‍্যাট মল র‍্যাট**
গড় দৈর্ঘ্য 3/4"



**ইঁদুরের মল**
গড় দৈর্ঘ্য 1/4"



কামড়ানোর দাগের উদাহরণ



**মনে রাখবেন:** যদি ধেড়ে ইঁদুরের সক্রিয় লক্ষণ খুঁজে পাওয়া যায় তাহলে আপনার কীটপতঙ্গ ব্যবস্থাপনা পেশাদারের সঙ্গে যোগাযোগ করুন। ধেড়ে ইঁদুর মুক্ত রাখতে, দরজা এবং জানলা ও পর্দা সর্বদা শক্তভাবে ফাঁকমুক্তভাবে বন্ধ রাখবেন। পোঁটলাপুঁটলি, পুরোনো বাক্স, অব্যবহৃত সরঞ্জাম ও যন্ত্রপাতি ফেলে দিন যেগুলি ধেড়ে ইঁদুরের আশ্রয়ের স্থান হিসাবে কাজ করতে পারে।

# ধেড়ে ইঁদুর রোধের চেকলিস্ট

**সমস্যার জায়গাগুলি শনাক্ত করতে এবং ধেড়ে ইঁদুরের উপদ্রব রোধ করার জন্য এই ধেড়ে ইঁদুর নিরীক্ষণের চেকলিস্টটি ব্যবহার করুন।**

| বাইরের | হ্যাঁ | না |
|---|---|---|
| মেঝের নিকাশী ব্যবস্থা কি ঠিকঠাক রয়েছে এবং মেঝেটি কি অতিরিক্ত ফুটোফাটা, ময়লা, আবর্জনা, ক্ষতিগ্রস্ত প্যালেট, সরঞ্জাম বা এমন অন্যান্য উপকরণ মুক্ত রয়েছে যাতে ধেড়ে ইঁদুররা আকৃষ্ট হয় বা বাসা বাঁধতে পারে? | ○ | ○ |
| সামনের, পাশের এবং পিছনের উঠোনগুলি কি গর্ত এবং/অথবা ধেড়ে ইঁদুরের মল থেকে মুক্ত আছে? | ○ | ○ |
| রাবারের খাপে মোড়া স্টিল ফেব্রিকের ঝাড়ু বা খুব ঘন ব্রাশ কি সব দরজায় লাগানো রয়েছে এবং তা ভালো অবস্থায় আছে? | ○ | ○ |
| ব্যবহার্য জিনিসের (এসি রেফ্রিজারেন্ট, প্রাকৃতিক গ্যাসের পাইপ এবং হোস) মুখগুলি কি উচ্চ গুণমানের সীল করার জিনিস দিয়ে সীল করা রয়েছে? | ○ | ○ |

| ভিতরের | হ্যাঁ | না |
|---|---|---|
| বেসিনের নীচের সব কলের লাইনগুলো কি সম্পূর্ণভাবে এস্কাচিয়ন প্লেট দিয়ে সীল করা আছে? | ○ | ○ |
| মেঝে আর দেওয়ালের সংযোগস্থলে ধেড়ে ইঁদুরের মল থেকে মুক্ত আছে কি? | ○ | ○ |
| ভিতরের দরজাগুলি কি ভালো অবস্থায় রয়েছে এবং এক ইঞ্চির আটভাগের বেশি কোন গর্ত বা ফাঁক থেকে মুক্ত? | ○ | ○ |

| শুকনো সংরক্ষণ স্থান বা সেলার | হ্যাঁ | না |
|---|---|---|
| স্থানটি নিম্নলিখিত কারণগুলির দরুণ অত্যন্ত আর্দ্র হয়ে নেই তো:<br>• ছাদে লীক<br>• ফুটোওয়ালা পাইপ বা ভাল্ভ<br>• ভাঙ্গা জানলা<br>• ফুটো থাকা ড্রেন<br>• কনডেনসেশন ড্রিপ<br>• ভাঙ্গা বা ক্ষতিগ্রস্ত স্কাইলাইট | ○ | ○ |
| খাবারের সামগ্রীগুলি কি ধেড়ে ইঁদুর প্রতিরোধ করার মত পাত্রে এবং পরিষ্কার, সুগঠিত তাকে বা শেলফের মধ্যে রাখা আছে? | ○ | ○ |
| সংরক্ষণের স্থানটি ধেড়ে ইঁদুরের আসা যাওয়ার লক্ষণমুক্ত রয়েছে? | ○ | ○ |
| পণ্যগুলিকে কি মেঝে থেকে 6 ইঞ্চি উপরে এবং একদম খোলা জানলার, ইউনিট হিটার, ঘুলঘুলি, সিঁড়ি ও মোটরের কাছ থেকে দূরে রাখা হয়েছে? | ○ | ○ |

| ময়লা ফেলার স্থান (ভিতরের এবং বাইরের) | হ্যাঁ | না |
|---|---|---|
| ময়লা ফেলার পাত্রগুলি কি ভালো অবস্থায় রয়েছে? (কোন গর্ত বা ফাটাফুটি নেই) | ○ | ○ |
| আপনার কাছে ময়লা ফেলার মতো শক্ত মুখ আঁটা পর্যাপ্ত পাত্র আছে যা থেকে ময়লা উপচে পড়ে না? | ○ | ○ |

যদি উপরের প্রশ্নগুলির কোন একটিতেও আপনার উত্তর না হয় তাহলে সমস্যার বিষয়গুলি সমাধান করার জন্য অবিলম্বে পদক্ষেপ নিন।

# কীটপতঙ্গ নাশ করুন!

খাবার, আবর্জনার স্তূপ, তেলচিটে দাগ এবং গন্ধ ধেড়ে ইঁদুর ও অন্যান্য কীটপতঙ্গকে আকৃষ্ট করতে পারে। রান্নাঘর, স্টোরেজ এবং ময়লা ফেলার স্থান পরিষ্কার রাখা হয়েছে কিনা দেখতে সেগুলি রোজ পরীক্ষা করুন।

## আপনার খাদ্য পরিষেবার প্রতিষ্ঠানের ভিতরে

- রান্নাঘর ও স্টোরেজের স্থানগুলিকে খাবারের এঁটোকাঁটা, ময়লা বা ধূলো থেকে পরিষ্কার রাখুন। ক্যাবিনেট, রেফ্রিজারেটর, ডিসপ্লে কেস ও স্টোরেজের স্থানগুলির চারপাশ পরিষ্কার করুন।
- বর্জ্য ব্যবস্থাপনার সেরা উপায়ের (পৃষ্ঠা 5) সাথে স্বাস্থ্যবিধি ও পুনর্ব্যবহারের নিয়মগুলিও অনুসরণ করুন।
- শক্ত মুখ-আঁটা ঢাকনা দেওয়া ময়লা ফেলার পাত্র ব্যবহার করুন।
- ফেলে দিন:
    - খাবার ও খাবারের মোড়ক ফেলার জন্য 1.9 মিলিমিটার পুরু হেভি ডিউটি প্লাস্টিক ব্যাগের আস্তরণ দেওয়া আবর্জনার বিন
    - মেয়াদ পেরিয়ে যাওয়া বা ক্ষতিগ্রস্ত খাবারের বাক্স এবং ক্যানে ভরা জিনিস
    - অব্যবহৃত কাগজের ব্যাগ, কার্ডবোর্ডের বাক্স আর বোতল

## আপনার খাদ্য প্রতিষ্ঠানের বাইরের দিক

- আপনার ময়লা ফেলার সব স্থানগুলি (ডাম্পস্টার, কম্প্যাক্টর এবং ট্র্যাশ ক্যান সহ) এবং ফুটপাথ ধুয়ে নিন এবং আপনার FSE-র চারপাশটা নিয়মিত 10 শতাংশ ব্লিচিং পাউডারের দ্রবণ বা সাবান পানি/জল দিয়ে পরিষ্কার করে নিন।
- আপনার FSE-র চারপাশে জমে থাকা পানি/জল পরিষ্কার করুন।

**পরামর্শ:** দেওয়ালের গায়ে ঠাসাঠাসি করে উপকরণ রাখলে তা কীটপতঙ্গের আক্রমণকে লুকোতে পারে। সংরক্ষিত উপকরণ দেওয়াল থেকে সরিয়ে রাখুন যাতে পরিষ্কারভাবে দেখতে পাওয়া যায় – কার্যকরভাবে কীটপতঙ্গ রোধ করার মূল মন্ত্র।

# কীটপতঙ্গ না খাইয়ে মারুন!





ধেড়ে ইঁদুর আর অন্যান্য কীটপতঙ্গদের বেঁচে থাকার জন্য চাই জল আর খাবার। ধেড়ে ইঁদুর ও কীটপতঙ্গদের খাবার বন্ধ করতে:

- শাকসবজি এবং চাল, ওট এবং ময়দার মতো শস্য ধেড়ে ইঁদুর এবং কীটপতঙ্গ প্রতিরোধী পাত্রে শক্ত করে ঢাকনা বন্ধ করে রাখুন।
- পড়ে যাওয়া খাবার সঙ্গে সঙ্গে পরিষ্কার করুন এবং 1.9 মিলিমিটার পুরু হেভি ডিউটি প্লাস্টিক ব্যাগে ভরুন এবং যাতে ফুটো না হয় তার জন্য ব্যাগের মুখ শক্ত করে বন্ধ করে ফেলে দিন।
- ধেড়ে ইঁদুররা যাতে খাদ্যের অবশিষ্টাংশের কাছে পৌঁছাতে না পারে তার জন্য বর্জ্য ব্যবস্থাপনার সেরা উপায়সমূহ অনুসরণ করুন।

## বর্জ্য ব্যবস্থাপনার সেরা উপায়সমূহ

- 1.9 মিলিমিটার পুরু শক্ত প্লাস্টিকের ব্যাগ দিয়ে জঞ্জালের ক্যান বা ডাস্টবিন পাশাপাশি সারিবদ্ধভাবে রাখুন। ব্যাগের মধ্যে 10 শতাংশ ব্লিচিং পাউডারের দ্রবণে (এক কাপ ব্লিচিং পাউডার ও দুই গ্যালন পানি/জল) নেকড়া ভিজিয়ে রাখুন। ব্যাগের মধ্যে জঞ্জাল ফেলার আগে ব্যাগের নিচে একটি নেকড়া রাখুন এবং ব্যাগ বাঁধার আগে জঞ্জালের উপরে একটি নেকড়া রাখুন।
- **এটিই আইন:** নিশ্চিত করুন যে অন্তত তিন দিনের জঞ্জাল নিয়ে যাওয়ার মধ্যে জঞ্জাল রাখার পর্যাপ্ত ডাস্টবিন বা ক্যান আপনার আছে। সর্বদা শক্ত ঢাকনার শক্ত প্লাস্টিক বা ধাতব ক্যান ব্যবহার করুন।
- জঞ্জাল যে সময় নিয়ে যাওয়া হয় সেই সময়ের কাছাকাছি সময়ে ফুটপাতের কিনারায় ডাস্টবিন বা ক্যান নিয়ে আসুন। বাইরের কীটপতঙ্গের কাছে জঞ্জাল যাতে কম সময়ের জন্য উপলব্ধ থাকে তার জন্য কার্টারের সঙ্গে পিকআপের সময় নির্দিষ্ট করুন।



## বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

### 1. কোনো FSE থেকে জঞ্জাল সংগ্রহ করার দায় কার?

**উঃ** আইন অনুসারে, FSEs কে তাদের জঞ্জাল সংগ্রহ করার জন্য অবশ্যই একটি ব্যক্তিগত কার্টার নিয়োগ করতে হবে।

### 2. কখন কোনো FSE-কে সংগ্রহের জন্য জঞ্জাল বাইরে রাখতে হবে?


**উঃ** FSE-দেরকে তাদের প্রতিষ্ঠান বন্ধ করার এক ঘন্টা আগে তাদের জঞ্জাল বাইরে রাখতে হবে। যদি জঞ্জাল দিনের বেলায় সংগ্রহ করা হয় তাহলে জঞ্জাল সংগ্রহ করার প্রকৃত সময়ের দুই ঘন্টার মধ্যে রেখে দিতে হবে। সর্বদা জঞ্জালের পাত্র ও এলাকা পরিষ্কার রাখুন।

### 3. ফুটপাথে জঞ্জাল পড়লে তা পরিষ্কার করার দায়িত্ব কার?


**উঃ** FSE-এর ব্যক্তিগত কার্টারকে ফুটপাথে কোন জঞ্জাল পড়লে তা পরিষ্কার করতে হবে। যদি কার্টার উপচে পড়া জঞ্জাল পরিষ্কার না করে তাহলে FSE-কে ফুটপাথ পরিষ্কার করতে হবে।

### 4. FSE কি ছুটির দিন বা সপ্তাহান্তে জঞ্জালের পাত্র বাইরে রেখে দিতে পারে

**উঃ** না–ছুটির দিন বা সপ্তাহান্তে জঞ্জালের পাত্র বাইরে রাখা যাবে না।





# কীটপতঙ্গের প্রবেশপথ বন্ধ করা!




আপনার FSE এর সমস্ত ছিদ্র ও ফাটল বন্ধ করে দিন যেন ধেড়ে ইঁদুর এবং অন্যান্য কীটপতঙ্গ প্রবেশ করতে না পারে। খোলা জানালা এবং দরজায় পর্দা ব্যবহার করুন এবং দরজা এবং মেঝের ফাঁক দিয়ে যাতে ধেড়ে ইঁদুর প্রবেশ করতে না পারে তার জন্য দরজের নিচে চৌকাঠ লাগান। মনে রাখবেন, কোন নেংটি ইঁদুর দশ সেন্ট মুদ্রার মাপের ছিদ্র দিয়ে এবং ইঁদুর একটু পঁচিশ সেন্ট মুদ্রার মাপের ছিদ্র দিয়ে প্রবেশ করতে পারে।

আপনার FSE-এ যাতে কীটপতঙ্গ কম প্রবেশ করে তাই, উক্ত ভবনের রক্ষণাবেক্ষণ করুন এবং সময় মতো মেরামত করুন, যা IPM এর গুরুত্বপূর্ণ উপাদান। এবং আপনার FSE এর ভিতরে ও তার চারপাশে প্রায় তীক্ষ্ণদন্ত প্রাণী এবং অন্যান্য কীট প্রতিরোধ জন্য সর্বোত্তম উপায়গুলির জন্য, পৃষ্ঠা 10, এলাকা অনুসারে কীটপতঙ্গ দমন দেখুন। কর্মীরা সহজেই এইসব স্বল্পমূল্যের মেরামত করতে পারেন।













1 এস্কাচিয়ন প্লেট যোগ করুন
2 পাইপের ফুটো মেরামত করুন
3 জঞ্জাল যাতে উপচে না পড়ে সেই জন্য তা নিয়মিতভাবে ফেলে দিন
4 মেঝে পরিষ্কার রাখুন
5 মেঝেতে কিছু পড়লে তা নিরাপদে পরিষ্কার করুন
6 কীটপতঙ্গ ঢুকতে পারবে না এমন পাত্রেই খাবারদাবার রাখুন।
7 গর্ত সিল করে দিন এবং আউটলেট কভার ব্যবহার করুন
8 যত্রতত্র জিনিস রাখবেন না


# আপনার রান্নাঘর কীট মুক্ত রাখুন





# এলাকা অনুসারে কীটপতঙ্গ দমন


| | কোথায় দেখতে হবে | কি দেখতে হবে | কীভাবে কীটপতঙ্গ মুক্ত রাখা হয় |
|---|---|---|---|
| **ভিতরের** | | | |
|  | **রেফ্রিজারেটর, ফ্রিজার, আইস মেশিন, গরম এবং ঠান্ডা হোল্ডিং ইউনিট, ওভেন এবং অন্যান্য সরঞ্জাম** | পড়ে থাকা খাবার এবং সরঞ্জামের পিছনে ফুটো<br>যেসব দরজা ঠিক মতো বন্ধ বা সিল করা হয় না<br>ক্ষতিগ্রস্ত দরজা<br>ক্ষতিগ্রস্ত নিরোধক প্যানেল | সরঞ্জামের আশেপাশের যত্রতত্র জিনিস সরান। সরঞ্জামের বাইরে ও ভিতরে পরিষ্কার করুন। সরঞ্জামের পিছন থেকে এবং নিচে থেকে খাদ্যাবশেষ, ময়লা এবং ধুলো পরিষ্কার করুন। ক্ষতিগ্রস্ত দরজার গ্যাস্কেট ও প্যানেল বদলান। |
|  | **বায়ুচলাচলের স্থান** | প্রান্তের চারপাশের ফাঁক<br>দেয়াল এবং সিলিংয়ের মধ্যেকার স্থান বা খাঁজ | সিল্যান্ট দিয়ে ফাঁক ও ছিদ্র বন্ধ করুন। |
| | **দেওয়াল ও মেঝের সংযোগস্থল, মোল্ডিং (যেমন, আলংকারিক চেয়ার রেল ও ক্রাউন মোল্ডিং) এবং বেসবোর্ড** | সংযোগস্থল, প্রান্ত ও পাশের ফাঁক<br>আলগা বেসবোর্ড এবং দেওয়াল ও মেঝের ফাঁক | বেসবোর্ড বা ক্রাউন মোল্ডিং লাগানোর আগে দেওয়াল ও মেঝের ফাঁক সিল করুন। রঙ করার আগে ফাঁক সিল করুন। বাথরুম বা রান্নাঘর বা ডাইনিংয়ে কোয়ার্টার ইঞ্চির থেকে বড় ফাঁকের জন্য ব্যাকার রড ব্যবহার করুন এবং ছিদ্রবহুল পৃষ্ঠতলের জন্য সিল্যান্ট ব্যবহার করুন।<br>বেসবোর্ড দেওয়ালে যেখানে আটকানো আছে সেই স্থান শক্তভাবে সিল করুন। কোয়ার্টার ইঞ্চির থেকে বড় ফাঁকের জন্য ব্যাকার রড ব্যবহার করুন এবং ছিদ্রবহুল পৃষ্ঠতলের জন্য সিল্যান্ট ব্যবহার করুন। |
|  | **ইউটিলিটি এবং পাইপের খোলা অংশ, দেওয়ালের ছিদ্র** | পাইপ ও গ্যাস লাইনের চারপাশের ফাঁক | সিল্যান্ট এবং তামার জালি দিয়ে পাইপ ও গ্যাস লাইনের চারপাশ সিল করুন। দুটি অংশের এস্কাচিয়ন প্লেট লাগান। |
| | **সিঁড়ির নীচ নিচের ফাঁকা জায়গা** | কীটপতঙ্গ বাসা করতে পারে এমন স্থান | জিনিসপত্র এদিক ওদিকে না রেখে এলাকা পরিষ্কার রাখুন। |

| | কোথায় দেখতে হবে | কি দেখতে হবে | কীভাবে কীটপতঙ্গ মুক্ত রাখা হয় |
|---|---|---|---|
| **ভিতরের** | | | |
|  | **দরজা, বায়ু চলাচল ব্যবস্থা এবং ড্রপ সিলিং** | বায়ু চলাচলা করতে পারে এমন জাল বা উপযোগী দরজার খোলা অংশ<br>অনুপস্থিত, দাগ লাগা বা নোংরা সিলিং টাইল | উপযোগী দরজার চারপাশে উচ্চ ঘনত্বের ব্রাশ বা রাবার বাঁধাই করা স্টিলের ফ্যাব্রিকের চৌকাঠ লাগান। যেখানে প্রয়োজন সেখানে ঝালাই করা স্টেইনলেস স্টিল কোয়ার্টার ইঞ্চির জাল এবং মেটাল স্ট্রিপিং অথবা উচ্চ ঘনত্বের ব্রাশ ডোর স্যুইপ ব্যবহার করুন। অনুপস্থিত সিলিং টালি প্রতিস্থাপন করুন। এছাড়াও দাগযুক্ত এবং/অথবা ময়লা সিলিং টালি প্রতিস্থাপন করুন। |
| | **ক্যাবিনেট এবং তাকে এবং তার পাশে**<br>**সিঙ্ক বেসিনের নিচে** | ক্যাবিনেটগুলোর মধ্যে এবং সিঙ্ক বেসিনের নীচে দেওয়ালের সংযোগস্থলে সেখানকার ফাটল বা ফাঁক | সমস্ত ফাটল বা ফাঁক সীল করে দিন। কোয়ার্টার ইঞ্চির থেকে বেশি ফাঁকের জন্য ব্যাকার রড ব্যবহার করুন। |
|  | **বার এলাকা** | বার বা কাউন্টারটপের নীচের ফাঁক<br>সিঙ্ক এবং আইস মেশিনের চারপাশের ভেজা বা স্যাঁতসেঁতে এলাকা | সমস্ত ফাঁক সীল করে দিন। সিঙ্ক এবং আইস মেশিনের চারপাশের পাইপের কাছাকাছি লিক আছে কিনা চেক করুন এবং পানি/জল প্রতিরোধী সিল দিয়ে সিল করুন। |
| | **কিক প্লেট** | রোল ইন রেফ্রিজেরাটর কিক প্লেটের নীচে খাদ্য এবং ধ্বংসাবশেষ | কিক প্লেটের নীচের জায়গা বের করে পরিষ্কার করুন। |
|  | **সিঙ্ক ব্যাকসপ্ল্যাশ** | দেওয়াল বরাবর উপরের প্রান্তের ফাঁক | কোয়ার্টার ইঞ্চির থেকে বড় ফাঁক ব্যাকার রড এবং উচ্চ গুণমানের সিল্যান্ট দিয়ে সিল করে দিন। |

| | কোথায় দেখতে হবে | কি দেখতে হবে | কীভাবে কীটপতঙ্গ মুক্ত রাখা হয় |
|---|---|---|---|
| **ভিতরের** | | | |
| | **বাথরুম** | প্রান্ত ও পাশের ফাঁক | তামার উল ও সিল্যান্ট দিয়ে ফাঁক সিল করে দিন। |
|  | **ইলকেট্রকি্যাল আউটলটে, আলে ার স্যুইচ, ফউিজ বাক্স এবং সার্কটি ব্রকোর বক্স** | প্রান্ত ও পাশের ফাঁক এবং ঢাকনা না থাকা এবং ভাঙ্গা ঢাকনা | অনুপস্থিত বা ভাঙ্গা ঢাকনা প্রতিস্থাপন করুন। প্রান্ত ও পাশের চারপাশ সিল করে দিন। |
| | **স্টে ারেজে এবং বয়লার রুম** | দেওয়ালের এবং নীচের দরজার চারপাশের ফাঁক বা ফাটল | কোয়ার্টার ইঞ্চির থেকে বেশি বড় ফাঁক এবং জন্য ব্যাকার রড, এপক্সি বা ল্যাটেক্স যৌগ সহ কংক্রিটের সিল্যান্ট এবং কপার উল বা ধেড়ে ইঁদুর প্রতিরোধী কাপড় ব্যবহার করে পাইপ এবং বিদ্যুতিক সরঞ্জামের চারপাশ সিল করুন। |
|  | **জঞ্জাল জমা এলাকা** | মেঝেতে থাকা জঞ্জাল<br>যে সমস্ত ট্র্যাশ ক্যান ভাঙ্গা, ফাটা বা ঢাকনা নেই | 1.9 মিলিমিটার পুরু হেভি ডিউটি প্লাস্টিকের ব্যাগ এবং শক্ত ঢাকনা দিয়ে সহ সারিবদ্ধভাবে রাখা ট্র্যাশ বিনে আবর্জনা ফেলুন। যখন সম্ভব, জঞ্জালের পাত্র মেঝে থেকে 6 ইঞ্চি এবং দেওয়াল থেকে 6 ইঞ্চি দূরে রাখুন। জঞ্জালের জায়গা, সাইডওয়াক এবং ফুটপাতের কিনারা প্রতিষ্ঠান বন্ধ করার আগে ধুয়ে দিন। |
| **বাইরের** | | | |
| | **প্রবেশপথ** | ফুটপাথ, সাইডওয়াক এবং কংক্রিটের স্ল্যাবের ফাটল | ছোট হাতুড়ি ও ছেনি দিয়ে ভাঙ্গা, ক্ষয় হওয়া বা আলগা কংক্রিট অপসারণ করুন। ছোট ফাটলের (এক ইঞ্চির আটভাগ বা তার থেকে ছোট) জন্য, পুটি ছুরি দিয়ে এবং এপক্সি বা ল্যাটেক্স যৌগ যুক্ত কংক্রিট সিলান্ট সিল দিয়ে করুন। বড় চিপ এবং ফাটলের জন্য মর্টার মিক্স ব্যবহার করুন। |

| | কোথায় দেখতে হবে | কি দেখতে হবে | কীভাবে কীটপতঙ্গ মুক্ত রাখা হয় |
|---|---|---|---|
| **বাইরের** | | | |
|  | **বাইররে প্রবশেদ্বার** | বাইরের দরজার নিচে দিয়ে আলোর উঁকি<br>ক্ষতিগ্রস্ত দরজা<br>দরজা ও চৌকাঠের মধ্যেকার ফাঁক | উপযোগী দরজার চারপাশে উচ্চ ঘনত্বের ব্রাশ বা রাবার বাঁধাই করা স্টিলের ফ্যাব্রিকের চৌকাঠ লাগান। নেংটি ইঁদুর এবং ইঁদুরের কামড়ানো প্রতিরোধ করতে কাঠের দরজার নিচে ধাতব কিক প্লেট লাগান। |
| | **বাইররে দওেয়ালরে ছদি্র** | যেসব ছিদ্র দিয়ে ভবনে পাইপ, বিদ্যুত বা কেবল লাইন ঢুকেছে তার চারপাশের ছিদ্র | কোয়াটার ইঞ্চির থেকে বড় ফাঁকের জন্য ব্যাকার রড দিয়ে এবং আউটডোর সিল্যান্ট দিয়ে সমস্ত ফাঁক সীল করুন। |
|  | **বাইররে নর্িগমন পথ** | লাগানো পর্দার মধ্যের ছিদ্র বা নির্গমন পথের পর্দা না থাকা | যেসব স্থানে জাল নেই অথবা ভাঙ্গা আছে সেই স্থানে দস্তার প্রলেপ দেওয়া লোহার তারজালি লাগান বা মেরামত করুন। |
| | **ল্যান্ডস্কপে** | অত্যধিক বৃদ্ধিপ্রাপ্ত গাছপালা | অত্যাধিক ঝোলা শাখা প্রশাখা এবং পুরু ঝোপ কেটে ফেলুন যাতে সেগুলো ভবন থেকে কমপক্ষে 10 ইঞ্চির দূরে থাকে। ভবনের চারপাশে 3 ফুটের চাওড়া গাছপালা মুক্ত অঞ্চল তৈরী করুন। এই অঞ্চলটি টেকসই উপকরণ দিয়ে তৈরী করতে হবে, যেমন কাঁকর আচ্ছাদিত আড়াআড়ি শক্ত কাপড়। |

# নির্ধারিত ব্যবস্থাপনা






যদি আপনার প্রতিষ্ঠানে ধেড়ে ইঁদুর বা কীটপতঙ্গের উপদ্রব থাকে তাহলে নির্ধারিত ব্যবস্থাপনা ব্যবহার করা প্রয়োজনীয় হতে পারে। সমস্ত FSE কে নিউইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (New York State Department of Environmental Conservation) লাইসেন্স প্রাপ্ত একটি কীটপতঙ্গ ব্যবস্থাপনার কোম্পানির সঙ্গে চুক্তি করতে হবে। নিউইয়র্ক শহরের স্বাস্থ্য বিভাগের (New York City Health Department) এমন কিছু সরঞ্জাম আছে যা আপনাকে একজন কীটপতঙ্গ ব্যবস্থাপনা পেশাদার নির্বাচন করতে সহায়তা করে: **nyc.gov/health** এ যান এবং **operating a restaurant (রেস্তোরাঁ চালানোর বিষয়ে)** অনুসন্ধান করুন।

আপনার কীটপতঙ্গ ব্যবস্থাপনা পেশাদার ইঁদুরের উপদ্রব কমানোর জন্য ইঁদুর মারার বিষ প্রয়োগ করতে পারে। বেইট ব্লক হল ঘরের মধ্যেকার নেংটি ইঁদুর বা ইঁদুর উপদ্রবের ক্ষেত্রে প্রথম পছন্দ। টেম্পার প্রতিরোধী বেইট স্টেশনের মধ্যে বেইট ব্লক লাগান।

যেখানে খাবার তৈরী এবং রাখা হয় সেখানে টেম্পার প্রতিরোধী বেইট স্টেশনের মধ্যে ইঁদুর মারার কল ব্যবহার করুন। ইঁদুরের উপদ্রব না নিয়ন্ত্রণে আসা পর্যন্ত প্রতিদিন ইঁদুর মারার কল চেক করুন।

উপদ্রব একবার নিয়ন্ত্রণে চলে এলে, কীটপতঙ্গ মুক্ত পরিবেশ বজায় রাখতে আপনার কীটপতঙ্গ ব্যবস্থাপনা কোম্পানির সেরা উপায় এবং পরামর্শগুলি অনুসরণ করুন।





## আরো তথ্যের জন্য:

**nyc.gov/health** এ যান এবং **operating a restaurant (রেস্তোরাঁ চালানোর বিষয়ে)** অনুসন্ধান করুন।

NYC Health

EHS435600B - 4.18 Bengali